

## আইইএলটিএস করা শিক্ষার্থীদের বৃত্তি দেবে ব্রিটিশ কাউন্সিল

**যুগান্তর রিপোর্ট**  
আইইএলটিএস করে বিদেশে উচ্চ শিক্ষা নিতে যেতে ইচ্ছুক শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি দেবে ব্রিটিশ কাউন্সিল। সোনবার এক সংবাদ বিবরণিতে এ তথ্য জানিয়েছে প্রতিষ্ঠানটি। এতে বলা হয় 'ব্রিটিশ' কাউন্সিল আইইএলটিএস স্কারশিপস-২০১৫ বার্ষিক এ. বৃত্তি এবারই চালু হচ্ছে। অষ্ট্রেলিয়া, নতরষ্ট্রে, যুক্তরাজ্যসহ অন্যান্য দেশের যেসব শিক্ষাপ্রতিষ্ঠান আইইএলটিএস স্বীকৃতি দেয়, যেসব প্রতিষ্ঠানে যারা স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি করতে যাবেন, তারা এ বৃত্তি পাবেন। এবার পাঁচ শিক্ষার্থীকে এ শিক্ষাবৃত্তি দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ পাঁচ শিক্ষার্থীর প্রত্যেকে ৩ লাখ টাকা পাবেন। নির্বাচিত নিম্ন নিম্ন শিক্ষাপ্রতিষ্ঠানের মাধ্যমে এ বৃত্তির অর্থ পাবেন।

বাংলাদেশের যেসব শিক্ষার্থী শিক্ষাবৃত্তির জন্য আবেদন করবেন তাদের এ বছরের ১ আগস্ট থেকে আগামী বছরের ১৩ ফেব্রুয়ারির মধ্যে আইইএলটিএস সম্পন্ন করা থাকতে হবে। ফোর সর্বনিম্ন ৬ হতে হবে। লেখার দফতার ওপর ভিত্তি করে আবেদনকারীদের সর্বাধিক বাছাই করা হবে ও তাদের সাক্ষাৎকার নেয়া হবে। আবেদনকারীদের আবেদনপত্রের সঙ্গে তাদের লেখা জমা দিতে হবে। আগামী বছরের ১৭ মার্চ বৃত্তিপ্রাপ্ত পাঁচ শিক্ষার্থীর নাম ঘোষণা করা হবে। এ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে, কি কি যোগ্যতা থাকতে হবে তার বিস্তারিত তথ্যসহ আবেদনপত্র ডাউনলোড করা যাবে [www.britishcouncil.org.bd](http://www.britishcouncil.org.bd)- এ ওয়েবসাইট থেকে। আগামী বছরের ফেব্রুয়ারি মাসের ২৯ তারিখ পর্যন্ত আবেদনপত্র জমা দেয়া যাবে। এ বিষয়ে আরও জানতে আগ্রহী প্রার্থীরা [bdenquiries@britishcouncil.org](mailto:bdenquiries@britishcouncil.org) - এ ঠিকানায় মেইল করতে পারেন অথবা কথা বলতে ফোন করতে পারবেন- +৮৮ ০৯৬৬৬ ৭৭৩৩৭৭ এ নম্বরে।